ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী
কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
আইন
www.cca.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০২.৯৯.০০১.২০.৫৩

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭
০৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **"মুজিব বর্ষ-২০২০" উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয় কর্তৃক "ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষরের গুরুত্ব" শীর্ষক জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, রচনা আয়োজনের নিমিত্ত আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সার্বিক সহযোগিতা দেয়ার জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

৬-৯-২০২০
মুহাম্মদ মিজানুর রহমান সরকার
উপ-নিয়ন্ত্রক
ফোন: +৮৮০ ২ ৮১৮১ ৭০৯
ফ্যাক্স: +৮৮০ ২ ৮১৮১৭১১
ইমেইল: mizanur.uno@gmail.com

বিতরণ :
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),নিউ বেইলী রোড,ঢাকা-১০০০

স্মারকনং: ৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭- ১৪৪/১

তারিখ: ০৭.০৯.২০২০ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭/৯/২০২০
মোঃ শাহীনুর ইসলাম
সহকারী-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:
১.সরকারি মাদ্রাসা-ই-আলিয়া,ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া।
২.অধ্যক্ষ/সুপার (সকল মাদ্রাসা)।

অনুলিপি:
১.সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২.জেলা শিক্ষা অফিসার (সকল) [উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ সহ]
৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)[উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) -এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.cca.gov.bd

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ "মুজিব বর্ষ-২০২০" উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠান।**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালে বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপনের মধ্য দিয়ে বহিঃবিশ্বের সাথে তার বিহীন যোগাযোগ ব্যবস্থার সূচনা করেন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ এখন তথ্য-প্রযুক্তির সুপার হাইওয়েতে অবস্থান করছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ও বাস্তবায়িত ডিজিটাল বাংলাদেশে তথ্যের নিরাপদ আদান প্রদান ও ডিজিটাল নিরাপত্তা বিধানে দেশে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রচলন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ বাস্তবায়নের মাধ্যমে দেশে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বাস্তবায়ন, তথ্যের নিরাপদ আদান প্রদান ও ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণে সরকারের কার্যক্রম সর্বসাধারণকে অবহিতকরণ এবং সংশ্লিষ্ট কার্যক্রম বিষয়ে সর্বস্তরে জনসচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে সিসিএ কার্যালয় কাজ করে যাচ্ছে। এরই ধারবাহিকতায় দেশের তরুণ প্রজন্মকে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিষয়ে অবহিত ও সচেতন করার লক্ষ্যে সিসিএ কার্যালয় জাতীয় পর্যায়ে স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিম্নোক্তভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রচনা আহবান করছে:

| বিভাগ | পর্যায় | বিষয় | পুরস্কার (প্রত্যেক বিভাগের জন্য) |
|---|---|---|---|
| 'ক' বিভাগ | মাধ্যমিক (৮ম-১০ম শ্রেণী/ সমপর্যায়ের শিক্ষার্থী) | "ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষরের গুরুত্ব" (সর্বোর্চ্চ ১৫০০ শব্দ) | ১ম পুরস্কার: ডিজিটাল ক্রেস্ট, সনদপত্র এবং ১৫,০০০/- টাকা; ২য় পুরস্কার: ডিজিটাল ক্রেস্ট, সনদপত্র এবং ১০,০০০/- টাকা; ৩য় পুরস্কার: ডিজিটাল ক্রেস্ট, সনদপত্র এবং ৫০০০/- টাকা। |
| 'খ' বিভাগ | উচ্চমাধ্যমিক (একাদশ-দ্বাদশ শ্রেণী/সমপর্যায়ের শিক্ষার্থী) | "ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষরের গুরুত্ব" (সর্বোর্চ্চ ২৫০০ শব্দ) | |
| 'গ' বিভাগ | স্নাতক/ স্নাতকোত্তর/ সমপর্যায়ের শিক্ষার্থী | "ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষরের গুরুত্ব" (সর্বোর্চ্চ ৩০০০ শব্দ) | |

| রচনা পাঠানোর শেষ তারিখঃ | রচনা পৌছানোর ঠিকানাঃ |
|---|---|
| ৩০ সেপ্টেম্বর, ২০২০ | নিয়ন্ত্রক<br>সিসিএ কার্যালয়<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>আইসিটি টাওয়ার (২য় তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭<br>ইমেইল- info@cca.gov.bd |

**প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলীঃ**

- রচনা বাংলা ভাষায় লিখতে হবে;
- A4 সাইজের সাদা কাগজে নিজ হাতে/ কম্পিউটারে লিখতে হবে;
- লেখার সাথে নিজের ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী/বিভাগ, বর্ষ, রোল ও শাখা, মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি পাঠাতে হবে;
- রচনা ডাকযোগে/ কুরিয়ার/ সফট কপি (নিকষ ফন্ট) অথবা স্ক্যান কপি ই-মেইলের (info@cca.gov.bd)মাধ্যমে পাঠাতে হবে;
- খামের ওপর 'মুজিব বর্ষ-২০২০' উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা ও রচনার বিভাগ (ক/ খ/ গ) লিখতে হবে;
- ই-মেইলে প্রেরণের ক্ষেত্রে সাবজেক্ট এ 'মুজিব বর্ষ-২০২০' উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা ও রচনার বিভাগ (ক/ খ/ গ) লিখতে হবে;
- বিচারকদের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, পুরস্কারপ্রাপ্ত রচনা ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) -এর কার্যালয় এর ওয়েবসাইটে প্রকাশিত হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ** রচনা লেখার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এবং এই আইনের আওতায় প্রকাশিত বিধিমালা/গাইডলাইনসমূহ, সিসিএ কার্যালয় কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রচার বিজ্ঞপ্তি, পুস্তিকা এবং এ বিষয়ে যে কোন জাতীয় ও আন্তর্জাতিক প্রকাশনা ও টেক্সটবই এর সাহায্য নেয়া যাবে। বিস্তারিত তথ্যের জন্য ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয় এর ওয়েবসাইট (www.cca.gov.bd) ও ফেসবুক (https://www.facebook.com/ccabangladesh/) ভিজিট করা যেতে পারে।

স্বা:
উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন)
ফোন: +৮৮০ ২ ৮১৮১ ৭০৯
mizanur.uno@gmail.com